



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেটে গর্ভপাত সেবায় অ্যাক্সেস সুরক্ষিত রাখতে নতুন আইন পাশ হওয়া সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"সুপ্রিম কোর্ট এই মাসে রোউ ভি ওয়েড-এর বিরুদ্ধে রায় দিতে যাচ্ছে, কিন্তু নিউ ইয়র্ক এর জন্য প্রস্তুত থাকবে।

বেশিরভাগ আমেরিকানের মতো আমিও এটা জেনে স্তম্ভিত হয়েছিলাম যে আদালত খুব সম্ভবত রোউ-এর বিরুদ্ধে রায় দেওয়ার মাধ্যমে গর্ভপাত সেবা পাওয়ার অধিকার ছিনিয়ে নিতে যাচ্ছে। এই সিদ্ধান্ত ঘোষণা করা হলে এটি এদেশের লক্ষ লক্ষ নারীর স্বাস্থ্য, সুস্থতা ও অর্থনৈতিক নিরাপত্তার জন্য বিধ্বংসী ফলাফল বয়ে আনবে।

কিন্তু নিউ ইয়র্ক হাল ছেড়ে দিবে না। কয়েক সপ্তাহ আগে আমি নিউ ইয়র্ক জুড়ে গর্ভপাত সেবা প্রদানকারীদের সহায়তা করতে দেশের নেতৃস্থানীয় 35 মিলিয়ন ডলার বিনিয়োগের ঘোষণা দিয়েছি। এখন, সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টিয়ার্ট-কাজিন্স, স্পিকার হিয়েস্টি, এবং আইন পরিষদে আমাদের অংশীদারদের অবিচল নেতৃত্বের কল্যাণে আমরা নতুন আইনের একটি সমন্বিত প্যাকেজ প্রণয়ন করেছি যা গর্ভপাত সেবা প্রদানকারী এবং তাদের অংশীদারদের উভয়কে সুরক্ষিত রাখার ব্যাপারে জোর দিবে। আমি এই বিলগুলোতে স্বাক্ষর করে এগুলোকে আইনে পরিণত করতে আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।

এই বিষয়ে কোনো ভুল ধারণা রাখবেন না: আমি যতদিন পর্যন্ত গভর্নর পদে আছি, নিউ ইয়র্ক গর্ভপাত সেবা গ্রহণের প্রয়োজন হওয়া সবার জন্য একটি নিরাপদ আশ্রয় হয়ে থাকবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418